# ক্রমঃ ৬৭ আল-ওয়াহি'দ | আল-আহাদ ٱلْوَاحِدُ | ٱلْأَحَدُ

## অর্থ

এক ও অদ্বিতীয়

## English

 Al-Wahid | Al-Aad
- The One without a partner.
- The One, the Unique.

## ব্যাখ্যা

> ٱلْوَاحِدُ| আল-আহাদ: আল-ওয়াহিদ (এক)[1] আল-আহাদ (একক, অদ্বিতীয়) ।[2] | Al-Wid | The One, The Indivisible

Your browser does not support the audio element.

আল্লাহ আল-ওয়াহিদ (এক), আল-আহাদ (একক, অদ্বিতীয়)। তিনি সমস্ত পূর্ণতায় একক, সব ধরণের পরিপূর্ণতা, মর্যাদা, মহত্ব, সৌন্দর্য, প্রশংসা, হিকমত, রহমত, ও অন্যান্য পূর্ণতার গুণাবলীতে এক ও অদ্বিতীয়। তাঁর কোনো উপমা ও সাদৃশ নেই, কোনো কিছুই কোনো ভাবেই তাঁর সাথে তুলনা করার উপযুক্ত নয়, তিনি তাঁর জীবন, পরিচালনা, ইলম, কুদরত, মহত্ব, বড়ত্ব, সম্মান, মর্যাদা, সৌন্দর্য, প্রশংসা, হিকমত ও অন্যান্য সব গুণাবলীতে সর্বোচ্চ পর্যায়ের একক, এসব গুণাবলীর সর্বশেষ পর্যায়ে তিনি একক ও অদ্বিতীয়। অত:এব, বান্দার উপর কর্তব্য হলো আক্বীদা, কথা ও কাজে তাঁর তাওহীদ (একত্বতা) এমন ভাবে প্রকাশ করা যে, তাঁর সর্বময় পূর্ণাঙ্গ গুণাবলী স্বীকার করা, তাওহীদে তাঁকে এক রাখা এবং সব ধরণের ইবাদতে তাঁকে এক ও অদ্বিতীয় রাখা।[3]

---

[1] এ নামের দলিল হলো আল্লাহ তা‘আলার নিম্নোক্ত বাণী,

﴿قُلِ ٱللَّهُ خَٰلِقُ كُلِّ شَيۡءٖ وَهُوَ ٱلۡوَٰحِدُ ٱلۡقَهَّٰرُ١٦﴾ [الرعد: ١٦]

“বলুন, ‘আল্লাহই সবকিছুর সৃষ্টিকর্তা এবং তিনি এক, একচ্ছত্র ক্ষমতাধর’। [সূরা আর-রাদ, আয়াত” ১৬]

[2] এ নামের দলিল হলো আল্লাহ তা‘আলার নিম্নোক্ত বাণী,

﴿ قُلۡ هُوَ ٱللَّهُ أَحَدٌ ١ ﴾ [الاخلاص: ١]

“বলুন, তিনিই আল্লাহ, এক-অদ্বিতীয়।” [সূরা আল-ইখলাস, আয়াত: ১]

[3] আত-তাফসীর, ৫/৬২০-৬২১; দেখুন, বাহজাতু কুলুবিল আবরার ওয়া কুররাতু উয়ুনিল আখয়ার ফি শারহি জাওয়ামিয়িল আখবার, পৃ. ১৬৫।

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=67

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন